20

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 05 FEB 1997

পৃষ্ঠা ২ কলাম ... ৫

# ৪টি উচ্চ বিদ্যালয়ে নানা সমস্যা

মাদারীপুর সংবাদদাতা ॥ কালকিনি ও রাজৈর থানার ৪টি উচ্চ বিদ্যালয়ে নানা সমস্যা বিরাজ করিতেছে। কালকিনি থানার সমিতিরহাট এ,কে, মাধ্যমিক বিদ্যালয় গৃহটি জরাজীর্ণ। ১৯৬০ সালে স্থাপিত বিদ্যালয় গৃহটি অত্যন্ত নীচু। ভিটি কাঁচা। সিলিং না থাকায় রোদের সময় ক্লাস করা কষ্টসাধ্য হইয়া দাঁড়ায়। বিদ্যালয়টিতে প্রায় ৪শত ছাত্র-ছাত্রী লেখাপড়া করিতেছে। প্রায় ১৭০জন ছাত্রী লেখাপড়া করিলেও ছাত্রী মিলনায়তন নাই। স্থান সংকুলান সমস্যা দিন দিন প্রকট আকার ধারণ করিতেছে। বিদ্যালয়ে আরও বিজ্ঞান যন্ত্রপাতি প্রয়োজন। আরও শৌচাগার প্রয়োজন। বিদ্যালয় মাঠটি ভরাট করা দরকার। ১৯৭০ সালে স্থাপিত আন্ডারচর বহুমুখী উচ্চ বিদ্যালয়টিতে স্থান সংকুলান সমস্যা প্রকট। বিদ্যালয় গৃহটি সংস্কার প্রয়োজন। বিজ্ঞান ভবনটি জরাজীর্ণ। আরও বিজ্ঞান যন্ত্রপাতি প্রয়োজন। আসবাবপত্রের অভাব তীব্র। লাইব্রেরীতে বইয়ের অভাব রহিয়াছে। শৌচাগার সংস্কারাভাবে ছাত্র-ছাত্রীসহ শিক্ষকদের বিপাকে পড়িতে হয়। মাঠটি ভরাট করা প্রয়োজন। এইদিকে রাজৈর থানার খালিয়া রাজারাম ইনষ্টিটিউটশনের পুরাতন ভবনের ছাদ যেকোন সময় ধসিয়া পড়িতে পারে। ১৯০০ সালে স্থাপিত এই বিদ্যালয়টিতে আজও অর্থ সংকট রহিয়াছে। বিদ্যালয়টিতে প্রায় ৬৮০ জন ছাত্র-ছাত্রী লেখা-পড়া করিতেছে। প্রায় ১৫০ জন ছাত্রী লেখাপড়া করিলেও ছাত্রী মিলনায়তন নাই। আরও শৌচাগার প্রয়োজন। খেলার মাঠটি ভরাট করা দরকার। ছাত্রাবাসটি সংস্কার ও সম্প্রসারণ প্রয়োজন। রাজৈর থানার হোসেনপুর উচ্চ বিদ্যালয়টিতে অর্থ সংকট প্রকট। বিদ্যালয়টিতে প্রায় ২শত ছাত্র-ছাত্রী লেখাপড়া করিতেছে। বিদ্যালয়ের ভিটি কাঁচা হওয়ায় বর্ষা মৌসুমে ক্লাস করা কষ্টসাধ্য হইয়া দাঁড়ায়।